ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৪৮১

আগরতলা,২৮ জুন,২০২৫

# প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

'কাঞ্চনপুর পর্যটন অফিসে মিজোরাম পুলিশের হামলা' শিরোনামে ৩০-০৫-২০২৫ তারিখে স্যন্দন পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে ত্রিপুরা পুলিশের পক্ষ থেকে এক স্পষ্টিকরণ দেওয়া হয়েছে। উত্তর ত্রিপুরার পুলিশ সুপারের এক রিপোর্টের স্পষ্টিকরণে বলা হয়েছে যে, ২৭ ও ২৮ মে, ২০২৫-এর রাতে ভাঙমুন থানার অন্তর্গত বেতলিংশিবে বন দপ্তরের এক নির্মাণ সাইটে বিস্ফোরণ ঘটে। সেই রাতে ভারী বৃষ্টি হচ্ছিলো এবং বিদ্যুৎও ছিলো না। তখনই বোধহয় দুষ্কৃতকারীরা জানালা দিয়ে সেখানে ঢুকে পড়ে। রাত ২.৩৮টা নাগাদ টি.এস.আর. জওয়ানরা নির্মীয়মান বিল্ডিংয়ের দিকে এক বিকট আওয়াজ শুনতে পায়। তারা দেখতে পায় নির্মীয়মান বিল্ডিংয়ের একটা অংশ ভেঙ্গে পড়েছে। তখন সেখানে কেউ ছিলো না। টি.এস.আর. জওয়ানরা তাদের ক্যাম্পে এবং ভাঙমুন থানায় খবর দেয়। পুলিশ বাহিনী সহ থানার ও.সি. ঘটনাস্থলে পৌঁছে প্রাথমিক তদন্ত করে সেখানকার কিছু ছবি তুলে নেন। প্রমাণ সংরক্ষণ ও গুজব ছড়ানো প্রতিরোধ করতে ঘটনাস্থল সিল করে দেওয়া হয়। ফরেনসিক সায়েন্স টিমও সেখানে পৌঁছায় এবং নমুনা সংগ্রহ করে। প্রাথমিক ফরেনসিক তদন্তে দেখা যায় যে কম ক্ষমতাসম্পন্ন বিস্ফোরক ব্যবহার করা হয়েছে। ২৮-০৫-২০২৫ তারিখে ভাঙমুন থানায় একটি এফ.আই.আর.ও দায়ের করা হয়। এবিষয়ে ত্রিপুরা পুলিশ তদন্ত করছে। ঘটনার সময় সেখানে কেউ ছিলো কিনা বা সম্ভাব্য সন্দেহভাজন ব্যক্তিকে চিহ্নিত করার জন্য এস.ডি.আর. ও সি.ডি.আর. রেকর্ডও খতিয়ে দেখা হচ্ছে।

*****